

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

বেসরকারি কলেজ-৬ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৪.০০১.১৭.৩৬৯

তারিখ: ২০ কার্তিক ১৪২৫

০৪ নভেম্বর ২০১৮

বিষয়: বিষয় খোলার অনুমতি প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা, কুমিল্লা, যশোর, ময়মনসিংহ ও সিলেট এর সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত কলেজসমূহে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিষয় খোলার অনুমতি প্রদানে নিম্নোক্ত শর্তে সম্মতি জ্ঞাপন করা হলো:

ক্রমিক নং	কলেজ নাম ও ঠিকানা	প্রার্থিত বিষয়
১.	ভুলুয়া ডিগ্রি কলেজ, সদর, নোয়াখালী	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা
২.	ঢাকা কমার্স কলেজ, মিরপুর, ঢাকা	কৃষি শিক্ষা ও গার্হস্থ্য বিজ্ঞান
৩.	মেট্রোপলিটন কলেজ, সোনাডাঙ্গা, খুলনা	কৃষি শিক্ষা
৪.	হাবিবুর রহমান কলেজ মাহমুদপুর, মেলান্দহ, জামালপুর	সমাজকল্যাণ
৫.	দিগেন্দ্র বর্মন ডিগ্রি কলেজ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ	সমাজ বিজ্ঞান
৬.	আফাজ উদ্দিন মেমোরিয়াল কলেজ, কালিয়াকৈর, গাজীপুর	ভূগোল ও পরিসংখ্যান

শর্তসমূহ:

- শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না;
- কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

৪-১১-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম
উপসচিব
ফোন: ৯৫৭৭৪২৫

চেয়ারম্যানমাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা,
কুমিল্লা, যশোর, ময়মনসিংহ ও সিলেট।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৪.০০১.১৭.৩৬৯/১(৭)

তারিখ: ২০ কার্তিক ১৪২৫
০৪ নভেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৩) মন্ত্রীর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সচিব এর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) অধ্যক্ষ,
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৪-১১-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম
উপসচিব